# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।

**কর্মকর্তা পদে নিয়োগের পুন:বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬ এর সংশোধনী**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্মকর্তা পদে বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬ তারিখ: ১০-০৮-২০২৬ এর শেষ পৃষ্ঠায় বি.দ্র: অংশ আংশিক সংশোধন পূর্বক "২৪-০২-২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২৬" এর স্থলে "০৮-০৩-২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২৬" প্রতিস্থাপন করা হলো।

উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য যোগ্যতা, শর্তাবলী ইত্যাদি অপরিবর্তিত থাকবে।

(মো: হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**
**চট্টগ্রাম**
**কর্মকর্তা পদে নিয়োগের পুনঃবিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং-০৪/২০২৬ তারিখ ঃ ১০-০৮-২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| ক্রমিক | পদের নাম | দপ্তর | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ |
|---|---|---|---|---|
| ১। | সেকশন অফিসার | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ২। | সেকশন অফিসার | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৩। | সেকশন অফিসার | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৪। | সেকশন অফিসার | বাংলাদেশ স্টাডিজ বিভাগ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৫। | সেকশন অফিসার | ফিশারিজ বিভাগ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৬। | মেডিকেল অফিসার | চ. বি. মেডিকেল সেন্টার | ০১ (এক) টি স্থায়ী | ৬ষ্ঠ গ্রেড |
| ৭। | নিরীক্ষা ও হিসাব কর্মকর্তা | উপাচার্য দপ্তর | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৮। | নিরীক্ষা তত্ত্বাবধায়ক | উপাচার্য দপ্তর | ০১ (এক) টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৯। | রিসার্চ ফেলো (সংস্কৃত,পালি) | চ. বি. জাদুঘর | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ১০। | রিসার্চ ফেলো (আরবী) | চ. বি. জাদুঘর | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ১১। | ফোরম্যান | বিজ্ঞান ওয়ার্কশপ | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ১২। | সহকারী পরিচালক | পরিবহন দপ্তর | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ১৩। | সেকশন অফিসার | Institutional Quality Assurance Cell (IQAC) | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |

**প্রয়োজনীয় যোগ্যতা ঃ**

**১-৫। সেকশন অফিসার ঃ**

প্রার্থীর মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসেবে ০৩ (তিন) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকত হবে। অনার্স/মাস্টার্স ডিগ্রিতে ১ম শ্রেণি প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে চাকরির অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ থাকলে প্রার্থীতা বিবেচিত হবে না। প্রার্থীকে অবশ্যই M.S. Word (WITH BIJOY) এবং M.S. EXCEL কোর্সসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। নিয়োগের শর্তপূরণ সাপেক্ষ বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৬। মেডিকেল অফিসার ঃ**

প্রার্থীকে অবশ্যই ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ এম.বি.বি.এস. পাশ হতে হবে এবং কোন অনুমোদিত মেডিকেল কলেজ/হাসপাতালে সাজারী/মেডিসিনে কমপক্ষে ১ বছরের প্রশিক্ষণ থাকতে হবে। বাসা বরাদ্দ করা হলে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৭। নিরীক্ষা ও হিসাব কর্মকর্তা ঃ**

প্রার্থীকে যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স অথবা কমার্স বিষয়ে কমপক্ষে ২য় বিভাগে মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিরীক্ষা ও হিসাব কর্মকর্তা হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চশিক্ষা ইনস্টিটিউট অথবা গবেষণা সংস্থায় সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অবেদনকারীর শিক্ষা জীবনে কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় সক্ষম হতে হবে।

**৮। নিরীক্ষা তত্ত্বাবধায়ক ঃ**

প্রার্থীকে যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স অথবা কমার্স বিষয়ে কমপক্ষে ২য় বিভাগে মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিরীক্ষা তত্ত্বাবধায়ক হিসেবে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চশিক্ষা ইনস্টিটিউট অথবা গবেষণা সংস্থায় সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অবেদনকারীর শিক্ষা জীবনে কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় সক্ষম হতে হবে। শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৯। রিসার্চ ফেলো (সংস্কৃত, পালি) ঃ**

প্রার্থীকে অবশ্যই সংস্কৃত/পালি বিষয়ে ২য় শ্রেণি স্নাতক এবং এম.এ. পরীক্ষায় ন্যূনপক্ষে ৫০% নম্বর থাকতে হবে। জাদুঘর বা বিশ্ববিদ্যালয়ে গবেষণার কাজে অতীত অভিজ্ঞতাসহ প্রাচীন নিদর্শনাদি মৌলিক তত্ত্ব উদ্ধারের জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সংস্কৃত ভাষায় ডিগ্রিধারী প্রার্থীর পালিতে অথবা পালিতে ডিগ্রিধারী প্রার্থীর সংস্কৃতে কাজ চালানোর জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আবেদনকারীর শিক্ষা জীবনে কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় সক্ষম হতে হবে। শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**১০। রিসার্চ ফেলো (আরবি) ঃ**

প্রার্থীকে অবশ্যই আরবি/ফার্সি বিষয়ে ২য় শ্রেণি স্নাতক এবং এম.এ. পরীক্ষায় ২য় শ্রেণি কমপক্ষে ৫০% নম্বর থাকতে হবে। জাদুঘর বা বিশ্ববিদ্যালয়ে গবেষণার কাজে অতীত অভিজ্ঞতাসহ প্রাচীন নিদর্শনাদি মৌলিক তত্ত্ব উদ্ধারের জ্ঞান অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। আরবি ভাষায় ডিগ্রিধারী প্রার্থীর ফার্সিতে অথবা ফার্সিতে ডিগ্রিধারী প্রার্থীর আরবিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার দেয়া হবে। আবেদনকারীর শিক্ষা জীবনে কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় সক্ষম হতে হবে। শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১১। ফোরম্যান ঃ

প্রার্থীকে অবশ্যই যেকোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রিধারী হতে হবে। ১ বছরের মাঠ পর্যায়ে অভিজ্ঞতাসহ ১ বছরের বিশেষজ্ঞ প্রশিক্ষণ থাকতে হবে।

অথবা

প্রার্থীকে অবশ্যই যেকোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রিধারী হতে হবে। ১ বছরের বিশেষ প্রশিক্ষণসহ ৮ বছরের মাঠ পর্যায়ে অভিজ্ঞতা থাকতে হবে।

১২। সহকারী পরিচালক (পরিবহন) ঃ

প্রার্থীকে অবশ্যই বিএসসি ইন-মেকানিক্যাল/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে এবং প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানে গাড়ী রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং কর্মকর্তা হিসেবে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকা বাঞ্চনীয়। শিক্ষা জীবনে কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি থাকলে প্রার্থীতা বিবেচিত হবে না। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৩। সেকশন অফিসার (IQAC) ঃ

শিক্ষাজীবনে তৃতীয় শ্রেণি/বিভাগ ব্যতিত ন্যূনতম দ্বিতীয় শ্রেণির মাস্টার্স ডিগ্রি পাশ হতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট (পি.পি.এ ২০০৬, ২০১০ PPR ২০০৯ এবং সর্বশেষ পরিবর্তনসহ) এবং ভ্যাট, ট্যাক্স ও কম্পিউটার (M.S. Word, M.S. excel, Power point, Email) সম্পর্কে সম্যক ধারণাসহ কমপক্ষে ০২ (দুই) বছর আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অনার্স/মাস্টার্স ডিগ্রিতে প্রথম শ্রেণিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। ছয় মাসের অগ্রগতি প্রতিবেদন, তিন মাসের আর্থিক প্রতিবেদন প্রস্তুতের অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

উক্ত পদসমূহের যেকোন পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর অন্তত ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. হতে ডাউনলোড করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরিউক্ত পদসমূহের জন্য ০৮ (আট) সেট দরখাস্ত আগামী **১০-০৯-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.৩০টা হতে বেলা ৩.৩০ মি. পর্যন্ত) গৃহীত হবে।**

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম বরাবর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৳ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূল সেটের সাথে (১ কপি গাম দিয়ে ফরমের নির্ধারিত স্থানে এবং ২ কপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে) এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে প্রদেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

বিঃ দ্রঃ- ইতোপূর্বে প্রকাশিত ৩০-১১-২০২২ তারিখের বিজ্ঞপ্তি নং ০৫/২০২২, ৩১-১২-২০২৪ তারিখের বিজ্ঞপ্তি নং ০৩/২০২৪, ১৮-০৩-২০২৫ তারিখের বিজ্ঞপ্তি নং ০২/২০২৫, ২৮-০১-২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নং ০২/২০২৬ এবং ২৪-০২-২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নং ০৩/২০২৬ অনুসারে আবেদনকারী প্রার্থীদের মধ্যে শর্ত পূরণকারী প্রার্থীদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।


**(মো. হাছান মিয়া)**

**রেজিস্ট্রার** (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-০২৩৩৪৪৬০৭৬৬-৭৪, ০২৩৩৪৪৬০৭৯-৯১, এক্স-৪২০১